শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড,রমনা,ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৩.০২. ০১৬.( নাম-সংশো:) ১৭- ৪৪৫ তারিখ ১৪.০৬.২০১৭খ্রিঃ।

## অফিস আদেশঃ

ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন মাদরাসা থেকে MPO Sheet এ থাকা শিক্ষক/কর্মচারীর ভুল নাম সংশোধনের জন্য এ অধিদপ্তরে আবেদন পাওয়া যাচ্ছে।

০২. ভুল নাম সংশোধন সংক্রান্ত উক্ত আবেদনগুলোর সাথে প্রয়োজনীয় তথ্য না থাকায় নিষ্পত্তির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ করা যাচ্ছে না। শিক্ষক/কর্মচারীর নাম ভুল সংশোধন সংক্রান্ত উক্ত আবেদনগুলো নিষ্পত্তির জন্য নিম্নবর্ণিত তথ্য প্রয়োজন-

(ক) ভুল নাম সম্বলিত MPO Sheet কোন বৎসরের কোন মাসে প্রথম প্রকাশিত হয়েছে ?
(খ) ভুল নাম সম্বলিত প্রথম প্রকাশিত MPO Sheet এ বর্ণিত নামটির বানান যেভাবে উল্লেখ করা হয়েছিল তা সঠিক কিনা ?
(গ) ভুল নাম সম্বলিত প্রথম প্রকাশিত MPO Sheet এ বর্ণিত নামটির বানান সঠিক না হয়ে থাকলে এ যাবৎ ভুল বানান সম্বলিত কতটি MPO Sheet প্রকাশিত হয়েছে (মাস ও বছর উল্লেখক্রমে) ?
(ঘ) MPO Sheet এ থাকা নামটি যে ভুল তা প্রথম কবে সনাক্ত হয়েছে (তারিখ উল্লেখক্রমে) ?
(ঙ) MPO Sheet এ থাকা নামটি যে ভুল তা কিসের ভিত্তিতে সনাক্ত হয়েছে (প্রমাণক উল্লেখসহ) ?
(চ) MPO Sheet এ থাকা নামটি যে ভুল তা প্রথম সনাক্ত হওয়ার পর এটা সংশোধনের জন্য কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে (প্রমাণকসহ) ?
(ছ) MPO Sheet এ থাকা ভুল নামটি সনাক্ত হওয়ার পর এটা সংশোধনের জন্য গৃহীত পদক্ষেপের ফলাফল কি (প্রমাণকসহ) ?
(জ) বর্তমানে MPO Sheet এ থাকা ভুল নামটি সংশোধনের প্রয়োজনীয়তা সৃষ্টি হওয়ার কারণ কি ?
(ঝ) বর্তমানে MPO Sheet এ থাকা ভুল নামটি সংশোধন ছাড়া এ সমস্যাটি সমাধানের অন্য কোন বিকল্প উপায় আছে কি-না ? তা কি (বিস্তারিত তথ্য প্রমাণকসহ) ?
(ঞ) MPO Sheet এ থাকা ভুল নাম সংশোধনীর বিষয়ে মাদরাসা প্রধানের কোন গাফলতি আছে কি-না ?
(ট) এ বিষয়ে জেলা শিক্ষা অফিসারের মতামত কি?

০৩. এমতাবস্থায় উপরিউক্ত তথ্য বিবেচনায় নিয়ে MPO Sheet এ থাকা ভুল নাম সংশোধনের আবেদন মাদরাসা প্রধানের সুপারিশসহ জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১৪.০৬.১৭

(মোঃ বিল্লাল হোসেন)
মহাপরিচালক
টেলিফোন নং- ৯৩৫৭০৫৯
ই-মেইল- dgdmeb@gmail.com

বিতরণ : জেলা শিক্ষা অফিসার:

ঢাকা/মুন্সিগঞ্জ/মানিকগঞ্জ/গাজীপুর/নরসিংদী/নারায়ণগঞ্জ/কিশোরগঞ্জ/টাঙ্গাইল/ফরিদপুর/রাজবাড়ী/গোপালগঞ্জ/মাদরীপুর/শরিয়তপুর/ময়মনসিংহ/নেত্রকোণা/জামালপুর/শেরপুর/চট্টগ্রাম/খাগড়াছড়ি/বান্দরবান/রাঙ্গামাটি/কক্সবাজার/কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/চাঁদপুর/নোয়াখালি/ফেনী/লক্ষীপুর/রাজশাহী/চাঁপাইনবাবগঞ্জ/নাটোর/নওগাঁ/পাবনা/সিরাজগঞ্জ/বগুড়া/জয়পুরহাট/খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/ঝিনাইদহ/নড়াইল/কুষ্টিয়া/মেহেরপুর/মাগুরা/চুয়াডাঙ্গা/সিলেট/মৌলভীবাজার/সুনামগঞ্জ/হবিগঞ্জ/বরিশাল/পটুয়াখালি/ঝালকাঠি/ভোলা/বরগুনা/পিরোজপুর/রংপুর/নীলফামারী/লালমনিরহাট/গাইবান্ধা/কুড়িগ্রাম/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।

অধ্যক্ষ: আলিম, ফাযিল,কামিল মাদরাসা (সকল)
সুপার: দাখিল মাদরাসা (সকল)
অনুলিপি:
১.সচিব,শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ,ঢাকা।
২.অফিস কপি।